যুক্তরাষ্ট্র দূতাবাস

ঢাকা, বাংলাদেশ

অভিবাসী ভিসা শর্ত মওকুফ নির্দেশাবলী

ভিসা কর্মকর্তারা আমেরিকার অভিবাসন ও নাগরিকতা আইনের (আইএনএ) মারাত্মক লঙ্ঘনের দায়ে নির্দিষ্ট কিছু ব্যক্তিকে যুক্তরাষ্ট্রের ভিসা পাওয়ার ক্ষেত্রে চিরকালের জন্য অযোগ্য বলে বিবেচনা করে থাকে। কোন কোন ক্ষেত্রে এই সব ব্যক্তিরা শর্ত মওকুফের জন্য আবেদন জানাতে পারেন। সকল শর্ত মওকুফের আবেদন যুক্তরাষ্ট্রের নাগরিকতা ও অভিবাসন সার্ভিস (ইউএসসিআইএস) আইনগতভাবে পরীক্ষা করে দেখে।

যে সকল ব্যক্তি আমেরিকান ভিসার জন্য আবেদন করেছেন এবং যাদেরকে কনসুলার অফিসার যুক্তরাষ্ট্রের ভিসা পাওয়ার ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচনা করেছেন, তারা সরাসরি মেইলের মাধ্যমে ইউএসসিআইএসের লকবক্স ফ্যাসিলিটি তাদের নির্দিষ্ট অযোগ্যতার জন্য শর্ত মওকুফের আবেদনপত্র পাঠাতে পারেন। ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস আপনাদের শর্ত মওকুফের আবেদনপত্র আর গ্রহণ করবে না এবং আপনাদের পক্ষ হয়ে ইউএসসিআইএসের অফিসেও আর পাঠাবে না।

এই নির্দেশ নিম্নলিখিত শর্ত মওকুফ আবেদনপত্রের জন্য প্রযোজ্য হবে:

- ফরম I-601, Application of Waiver of Ground of Inadmissibility
- ফরম I-212, Application for Permission to Reapply for Admission into the United States After Deportation or Removal
- ফরম I-290B, Notice of Appeal or Motion, (if filed after a denial of a Form I-601 or Form I-212)

যে সকল আবেদনকারীরা তাদের শর্ত মওকুফের ফরম মেইল করবেন তাদেরকে ইউএসসিআইএসের ওয়েবসাইটটে যে ঠিকানা দেওয়া আছে তা ব্যবহার করতে হবে। যে সকল আবেদনকারী ইউএসসিআইএসের থেকে কোনো ই মেইল অথবা text message পেতে চান তারা তাদের শর্ত মওকুফ ফরমের সাথে G 1145- E-Notification of Application/Petition Acceptance এই ফরমটাও পূরণ করে দিয়ে দিবেন।

যদি আপনি শর্ত মওকুফ আবেদন করেত চান তাহলে আপনাকে অব্যশই:

- এই আবেদন করার জন্য যোগ্য হতে হবে (যদি আপনি এ ব্যপারে যোগ্য হন তাহলে আপনাকে আপনার নীল প্রত্যাখান শীটে তা উল্কেখ করা হবে।)
- আবেদনকারী এবং দরখাস্তকারী উভয়ের চরম দুর্দশার বিস্তারিত লিখিত বিবরণ দিন,
- প্রয়োজনীয় ফি পরিশোধ করার জন্য প্রস্তুত থাকুন (বর্তমান ফি হচ্ছে ৫৮৫ আমেরিকান ডলার)
- প্রয়োজনীয় শর্ত মওকুফের আবেদনপত্র ফরম I-601, (Application of Waiver of Ground of Inadmissibility)এবং ফরম I-212, (Application for Permission to Reapply for Admission into the United States After Deportation or Removal, যদি প্রয়োজন হয়) পূরণ করুন।

আপনার শর্ত মওকুফ এর আবেদনের ব্যপারে যদি কোন প্রশ্ন থাকে তাহলে সরাসরি ইউএসসিআইএস এ যোগাযোগ করুন। যোগাযোগ এর জন্য ভিসিট করুন www.uscis.gov

ভিসা জালিয়াতি, অবৈধ প্রবেশ এবং অতিরিক্ত সময় ধরে অবস্হান এবং এলিয়ন বা বসবাসের অধিকারপ্রাপ্ত ব্যক্তি পাচার, ইত্যাদি বিষয় সংশ্লিষ্ট কেসগুলির বেলায় ইউএসসিআইএস এর খুব সামান্যই সমবেদনা আছে যদিও তারা প্রমান করার চেষ্টা করেন যে তারা বিষয়টি বুঝতে পারেন নি, বা তারা অশিক্ষিত বা এই অপরাধ অন্যের ষড়যন্ত্রের কারণে ঘটেছে বা অন্যেরা ষড়যন্ত্র করে ঘটিয়েছে। যুক্তরাষ্ট্রের অভিবাসন আইন লংঘনের ঘটনা যদি বিস্তারিতভাবে আপনার মনে না পড়ে তাহলে শর্ত মওকুফ এর আবেদনপত্র পূরণ করার সময় সেগুলি আপনি পুরাপুরি মনে করবেন । আপনার যুক্তরাষ্ট্রের অভিবাসন আইন লংঘনের ঘটনা সংক্রান্ত বিস্তারিত বিষয়ের উল্লেখ না করতে পারার বিষয়টি ইউএসসিআইএস এর কর্মরত কনসুলার অফিসাররা সহজভাবে দেখবেন না।

আমেরিকান অভিবাসন আইনের জঘন্যতম লংঘনের দায়ে যুক্তরাষ্ট্রের অভিবাসন সুবিধা পাওয়ার সুযোগ থেকে চিরকালের জন্য বঞ্চিত করার বিধান আছে। যখন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রনালয় যুক্তরাষ্ট্রের অভিবাসন আইনের মারাত্মক লংঘন দেখতে পায় তখন তারা জানিয়ে দেয় যে, সংশ্লিষ্ট ব্যক্তি ভিসা পাবার যোগ্য নন।

ইউএসসিআইএস যখন জানতে পারে যে, কোন ব্যক্তি অভিবাসন আইন লংঘনকারী–তখন তারা ঐ ব্যক্তিকে যুক্তরাষ্ট্রে প্রবেশের অযোগ্য ঘোষণা করেন। বাস্তবে এই দুই কথার অর্থ একই।